# BCS প্রিলি. লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

লেকচার ০৬

## Lecture Contents


আধুনিক যুগ-১

❑ আধুনিক যুগ ও বাংলা গদ্যের উদ্ভব ❑ ফোর্ট উইলিয়াম কলেজ ও পণ্ডিতগণ ❑ শ্রীরামপুর মিশন ❑ উইলিয়াম কেরি ❑ রামরাম বসু ❑ রাজা রামমোহন রায় ❑ অক্ষয় কুমার দত্ত ❑ ঈশ্বরচন্দ্র গুপ্ত ❑ মদনমোহন তর্কালঙ্কার ❑ ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় ❑ হ্যানা ক্যাথরিন ম্যালেন্স ❑ সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় ❑ নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী ❑ প্যারীচাঁদ মিত্র ❑ কালীপ্রসন্ন সিংহ ❑ স্বর্ণকুমারী দেবী ❑ লালন সাঁই


## আধুনিক যুগ ও বাংলা গদ্যের উদ্ভব

আধুনিক যুগকে দুটি পর্যায়ে ভাগ করা যায়- ১৮০০-১৮৬০ সাল পর্যন্ত প্রথম পর্যায় এবং ১৮৬১ থেকে সাম্প্রতিককাল পর্যন্ত দ্বিতীয় পর্যায়। আধুনিক যুগে বাংলা সাহিত্যে গদ্যরীতির প্রচলন ঘটে। দোম আন্তোনিও দ্য রোজারিও রচিত 'ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ' বাংলা গদ্যের প্রাথমিক সূচনা। এটি বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ। গ্রন্থটি রোমান হরফে পর্তুগালের লিসবন থেকে মুদ্রিত হয়েছিল। রোমান ক্যাথলিক পর্তুগিজ পাদ্রি মনোএল দ্য আসসুম্পসাঁও কর্তৃক ১৭৪৩ খ্রিস্টাব্দে রচিত এবং ১৭৪০ খ্রিস্টাব্দে পর্তুগালের রাজধানী লিসবন থেকে রোমান হরফে মুদ্রিত 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' গ্রন্থটি বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ। গ্রন্থটি বর্তমান গাজীপুর জেলার কালীগঞ্জ থানার নাগরী নামক স্থানে লিখিত। ১৭৭৮ খ্রিস্টাব্দে ব্রাসি হ্যালহেড ইংরেজি ভাষায় সর্বপ্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন। এর নাম ছিল A Grammar Of the Bengali Language। এটি ছিল আংশিক বাংলা হরফে মুদ্রিত গ্রন্থ।

### এক কথায় উত্তর

১. **আধুনিক যুগের শ্রেষ্ঠ অবদান কী?**
উত্তর: গদ্য সাহিত্য বা গদ্যরীতি প্রচলন।

২. **আধুনিক যুগকে কয়টি পর্যায়ে ভাগ করা যায়?**
উত্তর: ২টি।

৩. **সর্বপ্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন কে?**
উত্তর: ব্রাসি হ্যালহেড (ইংরেজি ভাষায়)।

৪. **আধুনিক যুগের সাহিত্যের বৈশিষ্ট্য কী?**
উত্তর: আত্মচেতনা, জাতীয়তাবোধ ও মানবতার জয়জয়কার।

৫. **সাহিত্যে আধুনিক যুগ কবে শুরু হয়?**
উত্তর: ১৮০১-বর্তমান।

৬. **প্রকৃতপক্ষে বাংলা সাহিত্যে আধুনিক যুগ শুরু হয় কবে?**
উত্তর: ১৮৬০ (মাইকেল মধুসূদনের আবির্ভাবের মাধ্যমে)।

৭. **বাংলা সাহিত্যে গদ্যের সূচনা হয় কবে?**
উত্তর: উনিশ শতকে।

৮. **বাংলা গদ্য সাহিত্যের প্রাথমিক প্রচেষ্টা কোনটি?**
উত্তর: 'ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ' (১৭৪৩)।

৯. **বাংলা গদ্যসাহিত্যের প্রাথমিক নিদর্শন কোনটি?**
উত্তর: ১৫৫৫ খ্রিস্টাব্দে আসামের রাজাকে লেখা কোচবিহারের রাজার একটি পত্র।

১০. **'ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ' কে রচনা করেন?**
উত্তর: ঢাকা ভূষণার জমিদারপুত্র দোম আন্তোনিও।

১১. **বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি?**
উত্তর: ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ।

১২. **বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গদ্যগ্রন্থ কোনটি?**
উত্তর: মিশন সমাচার (১৮০০)।

১৩. **ড. সুকুমার সেনের মতে বাংলা গদ্য সাহিত্যের অভ্যুদয় কাল কত?**
উত্তর: ১৮৪৭-১৮৬৫ খ্রিস্টাব্দ পর্যন্ত।

১৪. **বাংলা সাহিত্যে আধুনিক যুগের দ্বিতীয় পর্যায় কোনটি?**
উত্তর: ১৮৬১ থেকে বর্তমান।

১৫. **ড. সুকুমার সেন বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ কে কয়ভাগে ভাগ করেন?**
উত্তর: চার ভাগে।



## Teacher's Work

**১. বাংলা গদ্য সাহিত্যের উৎপত্তিকাল-** [২৮ তম বিসিএস]
ক) ষোড়শ শতাব্দী খ) সপ্তদশ শতাব্দী
গ) অষ্টাদশ শতাব্দী ঘ) উনবিংশ শতাব্দী **ঘ**

**২. বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ কোনটি?** [২৯তম বিসিএস]
ক) প্রভু যিশু বাণী
খ) কৃপার শাস্ত্রের অর্থভেদ
গ) মিশনারি জীবন
ঘ) ফুলমণি ও করুণার বিবরণ **খ**

**৩. গদ্য সাহিত্য কোন যুগের সৃষ্টি?**
ক) প্রাচীন যুগ খ) মধ্যযুগ
গ) আধুনিক যুগ ঘ) অন্ধকার যুগ **গ**

**৪. বাংলা সাহিত্যে কখন গদ্যের সূচনা হয়?**
ক) নবম শতকে খ) ত্রয়োদশ শতকে
গ) ষোড়শ শতকে ঘ) উনিশ শতকে **ঘ**

**৫. কোন সাহিত্যাদর্শের মর্মে নৈরাশ্যবাদ আছে?**
ক) রোমান্টিসিজম খ) আধুনিকতাবাদ
গ) উত্তরাধুনিকতাবাদ ঘ) বাস্তববাদ **গ**

# ফোর্ট উইলিয়াম কলেজ ও পণ্ডিতগণ

লর্ড ওয়েলেসলি ১৮০০ খ্রি. ৪ মে, কলকাতার লালবাজারে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন। ফোর্ট উইলিয়াম কলেজ চালু ছিল ১৮০০-১৮৫৪ সাল পর্যন্ত। এ কলেজে বাংলা বিভাগ চালু হয় ১৮০১ সালে। বাংলা গদ্যের বিকাশে প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে। বাংলা বিভাগের মোট শিক্ষক সংখ্যা ছিল ১ জন অধ্যক্ষ, ২ জন পণ্ডিত, ৬ জন সহকারী পণ্ডিত। পণ্ডিতগণের মধ্যে উল্লেখযোগ্য হলেন উইলিয়াম কেরি, রামরাম বসু, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, গোলকনাথ শর্মা প্রমুখ। বাংলা বিভাগের অধ্যক্ষ ছিলেন উইলিয়াম কেরি। তিনি ১৮০১ খ্রি. মে মাসে কলেজে যোগদান করেন। বাংলা গদ্যের বিকাশে বিদেশিদের মধ্যে তাঁর অবদান সর্বাধিক। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ফোর্ট উইলিয়াম কলেজে পণ্ডিত হিসেবে যোগদান করেন ১৮৪১ সালে।

### গ্রন্থ রচনা :

ফোর্ট উইলিয়াম কলেজকে কেন্দ্র করে ১৩টি গ্রন্থ রচিত হয়েছিল। সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, ৫ খানা।

উইলিয়াম কেরি রচিত গ্রন্থ "কথোপকথন ও ইতিহাসমালা"।

বাঙালি রচিত এবং বাংলা ভাষায় মুদ্রিত প্রথম মৌলিক গ্রন্থ "রাজা প্রতাপাদিত্য চরিত্র", রচয়িতা রাম রাম বসু। এটি বাংলা ভাষার প্রথম গদ্যের নিদর্শন। রাম রাম বসুকে কেরি সাহেবের মুন্সী বলা হয়। 'বত্রিশ সিংহাসন', 'হিতোপদেশ' গ্রন্থদ্বয়ের রচয়িতা মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।

## শ্রীরামপুর মিশন

শ্রীরামপুর মিশন ১৮০০ সালে প্রতিষ্ঠিত হয়। উইলিয়াম কেরি ও জোশুয়া মার্শম্যানের সহায়তায় উইলিয়াম কেরির প্রত্যক্ষ তত্ত্বাবধানে ১৮০০ সালে শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশন ও মিশনের মুদ্রণযন্ত্র স্থাপিত হয়। এটি ছিল ডেনিশদের নিয়ন্ত্রণাধীন একটি মিশন। ১৮০৮ সালে শ্রীরামপুর ডেনিশদের হাত থেকে ইংরেজদের হাতে চলে আসে। বাংলা গদ্য চর্চায় যে সকল প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে, খ্রিস্টান মিশনারীগণ কর্তৃক প্রতিষ্ঠিত 'শ্রীরামপুর মিশন' সেগুলোর মধ্যে অন্যতম। বাংলায় বাইবেল অনুবাদ করে প্রদেশে খ্রিস্টধর্ম প্রচারে ব্রতী হয়েছিলেন উইলিয়াম কেরি ও জোশুয়া মার্শম্যান।

বাইবেলের অনুবাদ প্রকাশের মাধ্যমে বাংলা গদ্য-চর্চা নতুন গতি পায়। এছাড়াও কলকাতায় চার্লস উইলকিন্সের নির্দেশনানুযায়ী পঞ্চানন কর্মকার মুদ্রণ উপযোগী বাংলা অক্ষর তৈরি করেছিলেন। বাইবেলের অনুবাদ মুদ্রণে তা ব্যবহৃত হয়। শ্রীরামপুর মিশন প্রেস থেকে পরবর্তীকালে রামায়ণ, মহাভারত, পাঠ্যপুস্তক ইত্যাদি বহু গ্রন্থ প্রকাশিত হয়েছিল। ১৮১৮ খ্রিস্টাব্দে এই মিশন থেকে 'দিগদর্শন' ও 'সমাচার দর্পণ' নামক পত্রিকা দুটি প্রকাশিত হয়।

**ফোর্ট উইলিয়াম কলেজের অন্যান্য পণ্ডিতদের রচনাবলি**

| রচয়িতা | সাহিত্যকর্ম |
|---|---|
| মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার | 'বত্রিশ সিংহাসন' (১৮০২), 'হিতোপদেশ' (১৮০৮), 'রাজাবলী' (১৮০৮), 'বেদান্তচন্দ্রিকা' (১৮১৭), 'প্রবোধচন্দ্রিকা' (১৮০২)। |
| রাজীবলোচন মুখোপাধ্যায় | 'মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রম' |
| হরপ্রসাদ রায় | 'পুরুষ পরীক্ষা' |
| তারিণী চরণ মিত্র | 'ওরিয়েন্টাল ফেবুলিস্ট' |
| গোলকনাথ শর্মা | 'হিতোপদেশ' |
| চণ্ডীচরণ মুনশি | 'তোতা ইতিহাস' |



## এক কথায় উত্তর

**১. কে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন?**
**উত্তর:** লর্ড ওয়েলেসলি।

**২. ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগে মোট কত জন শিক্ষক ছিলেন?**
**উত্তর:** ৯ জন।

**৩. কী কারণে শ্রীরামপুরের মিশনারীরা স্মরণীয় হয়ে আছেন?**
**উত্তর:** প্রথম বাংলা মুদ্রণযন্ত্র স্থাপনে।

**৪. ফোর্ট উইলিয়াম কলেজ বাংলা বিভাগ চালু করে কখন?**
**উত্তর:** ১৮০১ খ্রিস্টাব্দে।

**৫. ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য কী?**
**উত্তর:** বাংলায় কর্মরত ইস্ট-ইন্ডিয়া কোম্পানির ব্রিটিশ অফিসারদের দেশীয় ভাষা শিক্ষা দেওয়া।

**৬. ফোর্ট উইলিয়াম কলেজ কার নামে নামকরণ হয়?**
**উত্তর:** ইংল্যান্ডের রাজা তৃতীয় উইলিয়াম।

**৭. ফোর্ট উইলিয়াম কলেজ কবে বন্ধ হয়?**
**উত্তর:** ১৮৫৪।

**৮. উইলিয়াম কেরি কী কী গ্রন্থ রচনা করেন?**
**উত্তর:** কথোপকথন (১৮০১), ইতিহাসমালা (১৮১২)।

**৯. কাকে কেরি সাহেবের মুন্সি বলা হয়?**
**উত্তর:** রামরাম বসু।

**১০. বাঙালির লেখা বাংলা অক্ষরে প্রথম মুদ্রিত গ্রন্থ কী?**
**উত্তর:** রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১)।

**১১. 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' কে রচনা করেন?**
**উত্তর:** রামরাম বসু।

**১২. ফোর্ট উইলিয়াম কলেজকে কেন্দ্র করে কয়টি গ্রন্থ রচিত হয়?**
**উত্তর:** ১৩টি গ্রন্থ।

**১৩. সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেন কে?**
**উত্তর:** মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।

**১৪. রামরাম বসুর গদ্যে কোন প্রভাব বিদ্যমান?**
**উত্তর:** ফারসি।

**১৫. বাংলা মুদ্রণ যন্ত্র কবে আবিষ্কৃত হয়?**
**উত্তর:** ১৮০০ সালে।

**১৬. কার সহযোগিতায় মুদ্রণ যন্ত্র স্থাপিত হয়?**
**উত্তর:** উইলিয়াম কেরি ও জোশুয়া মার্সম্যানের।

**১৭. কে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন?**
**উত্তর:** চার্লস উইলকিন্স (১৭৭৮ সালে)।

**১৮. ঢাকায় কবে ছাপাখানা প্রতিষ্ঠিত হয়?**
**উত্তর:** বাংলা প্রেস ১৮৬০।

**১৯. শ্রীরামপুর মিশন প্রতিষ্ঠিত হয় কবে?**
**উত্তর:** ১০ জানুয়ারি, ১৮০০ সালে।

**২০. শ্রীরামপুর মিশন থেকে কী কী প্রকাশিত হয়?**
**উত্তর:** গ্রন্থ: রামায়ণ, মহাভারত। পত্রিকা: দিগদর্শন, সমাচার দর্পন।

**২১. বাংলা অক্ষরের প্রথম নকশা তৈরি করেন কে?**
**উত্তর:** চালস্‌ উইলকিন্স।

**২২. ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের মূল উদ্দেশ্য কী ছিল?**
**উত্তর:** ব্রিটিশ অফিসারদের বাংলা শিক্ষা দেয়া।

**২৩. ফোর্ট উইলিয়াম কলেজ কবে কোথায় স্থাপিত হয়?**
**উত্তর:** ১৮০০ খ্রি., ৪ মে। কলকাতার লালবাজারে।

**২৪. বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গ্রন্থের নাম নির্দেশ করুন?**
**উত্তর:** কথোপকথন।

**২৫. বত্রিশ সিংহাসন, 'হিতোপদেশ' গ্রন্থদ্বয়ের রচয়িতা কে?**
**উত্তর:** মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।

**২৬. 'কথোপকথন' 'ইতিহাসমালা' গ্রন্থদ্বয়ের রচয়িতা কে?**
**উত্তর:** উইলিয়াম কেরি।

**২৭. বাংলা গদ্য সাহিত্য বিকাশে কোন প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে?**
**উত্তর:** ফোর্ট উইলিয়াম কলেজ।

**২৮. উইলিয়াম কেরীর রচনা–**
**উত্তর:** কথোপকথন।

**২৯. কোন দু'জন ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা গ্রন্থ প্রণয়নকারী পণ্ডিত?**
**উত্তর:** মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ও রামরাম বসু।

**৩০. বাংলা গদ্যের বিকাশে কোন বিদেশির/কার অবদান সর্বাধিক?**
**উত্তর:** উইলিয়াম কেরি।

**৩১. ফোর্ট উইলিয়াম যুগে সবচেয়ে বেশি গ্রন্থ রচনা করেছেন-**
**উত্তর:** মৃত্যুঞ্জয় বিদ্যালংকার।

## Teacher's Work



**১. কে ফোর্ট উইলিয়াম কলেজের শিক্ষক ছিলেন?** [৩৮তম বিসিএস]
ক হরপ্রসাদ শাস্ত্রী খ রামরাম বসু গ দেবেন্দ্রনাথ ঠাকুর ঘ অক্ষয়কুমার দত্ত — খ

**২. ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়-** [২৬তম বিসিএস]
ক ১৮০০ সালে খ ১৮০১ সালে গ ১৮০২ সালে ঘ ১৮০৪ সালে — খ

**৩. কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়-**
ক ১৮১৮ সালে খ ১৮২৬ সালে গ ১৮০০ সালে ঘ ১৮৮৫ সালে — গ

**৪. ফোর্ট উইলিয়াম কলেজের প্রথম অধ্যক্ষ কে ছিলেন?**
ক মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ রামরাম বসু গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ উইলিয়াম কেরি — ঘ

**৫. 'বত্রিশ সিংহাসন' কার রচনা?**
ক মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ রামরাম বসু গ বিদ্যাসাগর ঘ রাজীবলোচন মুখোপাধ্যায় — ক

## উইলিয়াম কেরি

বাংলা গদ্যের বিকাশে উইলিয়াম কেরির নাম সর্বাগ্রে স্মরণযোগ্য। উইলিয়াম কেরি প্রথম বাইবেল অনুবাদ করেন 'মঙ্গল সমাচার' নামে। 'কথোপকথন' 'ইতিহাসমালা' গ্রন্থদ্বয়ের রচয়িতা উইলিয়াম কেরি। তিনি ছিলেন মিশনারি সোসাইটির প্রতিষ্ঠাতা। তার মূল পেশা ছিল পাদুকা নির্মাণ।

## রামরাম বসু (১৭৫৭-১৮১৩)

বাংলা গদ্যের প্রাথমিক যুগের গুরুত্বপূর্ণ লেখক হিসেবে পরিচিত রামরাম বসু। তিনি বাংলা, সংস্কৃত, ফারসি ভাষায় পারদর্শী ছিলেন।
প্রথম দিকে তিনি ভারতে খ্রিস্টধর্ম প্রচারের জন্য আসা মিশনারি পাদ্রীদের বাংলা শেখাতেন। তাঁর রচিত গদ্য ছিল ফারসি প্রভাবিত।

- ✓ রামরাম বসু ১৭৫৭ সালে হুগলী জেলার চুঁচুড়ায় জন্মগ্রহণ করেন।
- ✓ তিনি কেরি সাহেবের মুন্‌শি নামে পরিচিত। কারণ, তিনি ১৭৯৩-১৭৯৬ খ্রিস্টাব্দ পর্যন্ত উইলিয়াম কেরিকে বাংলা শেখান।
- ✓ তিনি ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের পণ্ডিত ছিলেন।
- ✓ রামরাম বসু ৭ আগস্ট, ১৮১৩ সালে মারা যান।

**প্রশ্ন: রামরাম বসুর সাহিত্যকর্ম কী কী?**
**উত্তর:** 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' (১৮০১): এটি বাঙালির লেখা, বাংলা অক্ষরে প্রথম মুদ্রিত গ্রন্থ ও বাংলা গদ্যে প্রথম জীবনচরিত। ফোর্ট উইলিয়াম কলেজের পাঠ্যপুস্তকের অভাব দূর করার জন্য তিনি এটি রচনা করেন। এ গ্রন্থটি রচনার জন্য তিনি কলেজ থেকে তিনশত টাকা পারিতোষিক পেয়েছিলেন।
'লিপিমালা' (১৮০২): এটি প্রথম বাংলা পত্রসাহিত্য।
'খ্রিষ্টস্তব' 'খ্রিষ্টসঙ্গীত', 'হরকরা', 'জ্ঞানোদয়', 'খ্রিষ্ট বিবরণামৃতং'।

## রাজা রামমোহন রায়

ব্রাহ্ম সমাজ হলো সংস্কারপন্থী হিন্দু সমাজ যারা বহু-ঈশ্বরবাদী ধারণা বাদ দিয়ে একেশ্বরবাদী চিন্তা চেতনা লালন করেন। রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন ১৮২৮ সালে। তাঁর আন্দোলনের ফলে লর্ড বেন্টিংক ১৮২৯ সালে আইন করে সতীদাহ প্রথা বিলোপ করেন। স্বামীর মৃত্যুর পরে স্ত্রীকে একই চিতায় জীবন্ত দাহ করার নিয়ম হল সতীদাহ।

**রামমোহন রায় রচিত গ্রন্থ:** বেদান্তগ্রন্থ (১৮১৫), ভট্টাচার্যের সহিত বিচার (১৮১৭), গোস্বামীর সহিত বিচার (১৮১৮), সহমরণ বিষয়ক প্রবর্তক ও নির্বতকের সম্বাদ (১৮১৮)।'সতীদাহ প্রথা' বিলোপ প্রসঙ্গে রামমোহন রায়ের গ্রন্থের নাম হলো প্রবর্তক ও নির্বতকের সম্বাদ। পাঠ্যপুস্তকের বাইরে বাংলা গদ্যরীতি সর্বপ্রথম ব্যবহার করেন রাজা রামমোহন রায়। তাঁর রচিত ব্যাকরণ গ্রন্থের নাম গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩)। রামমোহন রায় সম্পাদিত পত্রিকাগুলো হলো মীরাতুল আখবার (ফারসি ভাষায়), সম্বাদ কৌমুদী (বাংলা ভাষায়), ব্রাহ্মণ সেবধি (ইংরেজি ভাষায়)।

### ❑ সাময়িক পত্র

| | |
|---|---|
| দিগদর্শন (এপ্রিল-১৮১৮) | সম্পাদক-জে.সি মার্শম্যান |
| সমাচার দর্পণ (১৮১৮, সাপ্তাহিক. | সম্পাদক- জে.সি মার্শম্যান |
| বাঙ্গালা গেজেট (১৮১৮, সাপ্তাহিক. | সম্পাদক- গঙ্গাকিশোর ভট্টাচার্য |
| সম্বাদ কৌমুদী (১৮২১) | সম্পাদক-রামমোহন রায় |
| সমাচার চন্দ্রিকা (১৮২২) | সম্পাদক-ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় |
| জ্ঞানান্বেষণ (১৮৩৩) | সম্পাদক-দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় |
| সংবাদ প্রভাকর (১৮৩১) | সম্পাদক- ঈশ্বরচন্দ্র গুপ্ত |

## এক কথায় উত্তর

**১. রামমোহন রায় রচিত ব্যাকরণ কোনটি?**
**উত্তর:** গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩)।

**২. কে ব্রাহ্মণসমাজ প্রতিষ্ঠা করেন?**
**উত্তর:** রামমোহন রায়।

**৩. রামমোহন রায়ের বাংলা ভাষায় সম্পাদিত পত্রিকার নাম কী?**
**উত্তর:** সম্বাদ কৌমুদী।

**৪. রাজা রামমোহন রায়ের ছদ্মনাম কী?**
**উত্তর:** শিবপ্রসাদ রায়।

**৫. কে পাঠ্য পুস্তকের বাইরে সর্বপ্রথম বাংলা গদ্যরীতির ব্যবহার করেন?**
**উত্তর:** রাজা রামমোহন রায়।

**৬. কে বাংলা প্রবন্ধ রচনার প্রথম কৃতিত্ব দেখান?**
**উত্তর:** রাজা রামমোহন রায়।

**৭. সম্পত্তিতে স্ত্রীলোকের অধিকার রক্ষায় পথিকৃৎ হলেন-**
**উত্তর:** রাজা রামমোহন রায়।

**৮. কার প্রচেষ্টায় সতীদাহ প্রথা নিষিদ্ধ হয়?**
**উত্তর:** রাজা রামমোহন রায়।

**৯. রামমোহন রায় রচিত প্রথম গ্রন্থ কোনটি?**
**উত্তর:** বেদান্ত গ্রন্থ (১৮১৫)।

**১০. সতীদাহ প্রথা নিষিদ্ধ হয় কবে?**
**উত্তর:** ৪ ডিসেম্বর, ১৮২৯ খ্রিস্টাব্দে।

**১১. রামমোহন রায়কে 'রাজা' উপাধি দেন কে?**
**উত্তর:** মোগল বাদশা দ্বিতীয় আকবর (১৮৩০)।

**১২. 'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ' কে রচনা করেন?**
**উত্তর:** রাজা রামমোহন রায়।

**১৩. রামমোহন রায় কতসালে ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন?**
**উত্তর:** ১৮২৮ সালে।

**১৪. রাজা রামমোহন রায় কি ছিলেন?**
**উত্তর:** একেশ্বরবাদী।

**১৫. বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন কে? নাম কী?**
**উত্তর:** রাজা রামমোহন রায়। গৌড়ীয় ব্যাকরণ।

**১৬. কার আন্দোলনের ফলে উইলিয়াম বেন্টিংক আইনের দ্বারা সতীদাহ প্রথা নিরোধ করেন?**
**উত্তর:** রামমোহন রায়।

**১৭. বাংলা ভাষার প্রথম দৈনিক প্রত্রিকা কোনটি?**
**উত্তর:** সংবাদ প্রভাকর।

**১৮. সতীদাহ প্রথা কত সালে বিলোপ করা হয় ও কে করেন?**
**উত্তর:** ১৮২৯ সালে লর্ড উইলিয়াম বেন্টিংক এ প্রথার বিলোপ করেন।

**১৯. সতীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায় রচিত গ্রন্থের নাম কী?**
**উত্তর:** সহমরণ বিষয়ক প্রবর্তক নিবর্তকের সম্বাদ।

**২০. 'মীরাতুল আখবার' পত্রিকাটির সম্পাদক কে? এটি কোন ভাষার পত্রিকা?**
**উত্তর:** রামমোহন রায়। ফারসি ভাষায়।



## Teacher's Work

**১. 'বেদান্তগ্রন্থ' ও 'বেদান্তসার' কার রচনা?** [৩৯তম বিসিএস]
ⓚ গোলকনাথ শর্মা ⓚ রামরাম বসু ⓖ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ⓖ রামমোহন রায় — ঘ

**২. সতীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায়ের রচিত পুস্তক-** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক- ২০০৩]
ⓚ পথে হলো দেখা ⓚ প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ ⓖ পথের পাঁচালী ⓖ দোলন-চাঁপা — খ

**৩. কেরি সাহেবের মুনশি বলা হয়–**
ⓚ রামরাম বসুকে ⓚ চণ্ডীচরণ মুন্‌শিকে ⓖ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারকে ⓖ গোলকনাথ শর্মাকে — ক

**৪. বাঙালির লেখা বঙ্গাক্ষরে মুদ্রিত প্রথম মৌলিক গ্রন্থ কোনটি?**
ⓚ হিতোপদেশ ⓚ কথোপকথন ⓖ ইতিহাসমালা ⓖ রাজা প্রতাপাদিত্য চরিত্র — ঘ

## অক্ষয়কুমার দত্ত (১৮২০-১৮৮৬)

বাংলা সাহিত্যে প্রাবন্ধিক হিসেবে সমধিক খ্যাত অক্ষয়কুমার দত্ত ছিলেন প্রথম বাঙালি বিজ্ঞানমনস্ক লেখক, সমাজ সংস্কারক, শিক্ষাবিদ ও আদি ব্রাহ্মণ সমাজের প্রধান ধর্মপুরুষ। তিনি ১৮৩৮ সালে ঈশ্বরচন্দ্র গুপ্তের সহায়তায় 'সংবাদ প্রভাকর' পত্রিকায় প্রবন্ধ লেখা শুরু করেন।

- অক্ষয়কুমার দত্ত ১৫ জুলাই, ১৮২০ সালে পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার নবদ্বীপের চুপী গ্রামে জন্মগ্রহণ করেন।
- তিনি 'দিগদর্শন' (১৮৪২) নামে একটি মাসিক পত্রিকা প্রকাশ করেন।
- তিনি ছিলেন 'তত্ত্ববোধিনী' (১৮৪৩) পত্রিকার সম্পাদক। এ পত্রিকাটি ছিল ব্রাহ্ম সমাজের মুখপাত্র এবং এর উদ্দেশ্য ছিল ব্রাহ্মসমাজের মাহাত্ম্য প্রচার করা।
- তিনি মাত্র ১৪ বছর বয়সে 'অনঙ্গমোহন' নামের কাব্য রচনা করেন। এটি তাঁর প্রথম রচনা।
- কবি সত্যেন্দ্রনাথ দত্ত তাঁর নাতি।
- তিনি বিভিন্ন দেশ থেকে দুর্লভ বৃক্ষচারা সংগ্রহ করে বালিগ্রামের নিজ বাসভবনে 'শোভনোদ্যান' নামে একটি বাগান তৈরি করেন।
- ১৮ মে, ১৮৮৬ সালে তিনি মারা যান।

**প্রশ্ন: অক্ষয়কুমার দত্তের সাহিত্যকর্মসমূহ কী কী?**
**উত্তর:** 'ভূগোল' (১৮৪১), 'বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার' (১ম খণ্ড– ১৮৫২, ২য় খণ্ড ১৮৫৪, ৩য় খণ্ড– ১৮৫৯), 'ধর্মনীতি' (১৮৫৫), 'পদার্থবিদ্যা' (১৮৫৬), 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' (১ম খণ্ড– ১৮৭০, ২য় খণ্ড– ১৮৮৩)।



## এক কথায় উত্তর

**১. প্রথম বাঙালি বিজ্ঞানমনস্ক লেখক কে?**
**উত্তর:** অক্ষয়কুমার দত্ত।

**২. অক্ষয়কুমার সম্পাদিত পত্রিকার নাম কী?**
**উত্তর:** তত্ত্ববোধিনী (১৮৪৩)।

**৩. অক্ষয়কুমার দত্তের জন্মস্থান কোথায়?**
**উত্তর:** নবদ্বীপ।

**৪. অক্ষয়কুমার দত্তের নাতি কে যিনি একজন কবি?**
**উত্তর:** সত্যেন্দ্রনাথ দত্ত।

**৫. ব্রাহ্ম সমাজের মুখপত্র কোনটি?**
**উত্তর:** তত্ত্ববোধিনী।

**৬. কত বছর বয়সে তিনি কাব্য রচনা করেন?**
**উত্তর:** ১৪ বছর।

**৭. তাঁর প্রকাশিত মাসিক পত্রিকার নাম কী?**
**উত্তর:** দিগদর্শন (১৮৪২)।

**৮. তাঁর প্রথম রচনা কোনটি?**
**উত্তর:** অনঙ্গমোহন।

**৯. তাঁর তৈরি করা বাগানের নাম কী?**
**উত্তর:** শোভনোদ্যান।

**১০. 'বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার' গ্রন্থটি কে রচনা করেন?**
**উত্তর:** অক্ষয়কুমার দত্ত।

## Teacher's Work

**১. ব্রাহ্মসমাজের মুখপত্র হিসেবে খ্যাত 'তত্ত্ববোধিনী পত্রিকার সম্পাদক কে ছিলেন?** [২৬তম বিসিএস]
ক অক্ষয়কুমার দত্ত খ রামমোহন রায়
গ ঈশ্বরচন্দ্র গুপ্ত ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **ক**

**২. কে অক্ষয়কুমার দত্তের দৌহিত্র?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক'২০]
ক সত্যেন্দ্রনাথ দত্ত খ মধুসূদন দত্ত
গ জগদীশচন্দ্র বসু ঘ রামমোহন রায় **ক**

**৩. অক্ষয়কুমার দত্তের জন্মস্থান কোথায়?**
ক নবদ্বীপ খ চন্দ্রদ্বীপ
গ পাহাড়দ্বীপ ঘ আসাম **ক**

**৪. অক্ষয়কুমার দত্ত বিভিন্ন দেশ থেকে দুর্লভ বৃক্ষচারা সংগ্রহ করে নিজ বাসভবনে একটি বাগান তৈরি করেন, যার নাম দেন–**
ক শোভনোদ্যান খ ছায়ানোদ্যান
গ বনসাই উদ্যান ঘ নব উদ্যান **ক**

**৫. 'The Constitution of Man' গ্রন্থের রচয়িতা কে?**
ক রামমোহন রায় খ সত্যেন্দ্রনাথ দত্ত
গ অক্ষয়কুমার দত্ত ঘ জগদীশ চন্দ্র বসু **গ**

ব্যাখ্যা: জর্জ কুম্বের 'The Constitution of Man' গ্রন্থটি অবলম্বনে তিনি রচনা করেন 'বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার' (১ম খণ্ড– ১৮৫২, ২য় খণ্ড– ১৮৫৩)।

## ঈশ্বরচন্দ্র গুপ্ত (১৮১২-১৮৫৯)

যুগসন্ধিক্ষণের কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত ছিলেন কবি ও সাংবাদিক। ব্যঙ্গ-বিদ্রুপ, দেশ ও সমাজভাবনা তাঁর রচনারীতির বিশেষত্ব। তাঁর হাত ধরেই বাংলা কবিতা মধ্যযুগের গণ্ডি পেরিয়ে আধুনিকতার রূপ লাভ করেছে। বাংলা সাহিত্যে দুই যুগের মিলনকারী হিসেবে তাঁর অবদান অনস্বীকার্য।

✓ ঈশ্বরচন্দ্র গুপ্ত ৬ মার্চ, ১৮১২ সালে পশ্চিমবঙ্গের চব্বিশ পরগণা জেলার শিয়ালডাঙ্গার কাঁচড়াপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।
✓ ছদ্মনাম 'ভ্রমণকারী বন্ধু'।
✓ তিনি যুগসন্ধিক্ষণের কবি, গুপ্ত কবি হিসেবে সমধিক পরিচিত।
✓ যুগসন্ধিক্ষণের সময়কাল ১৭৬০-১৮৬০ খ্রিস্টাব্দ।
✓ তিনি ২৩ জানুয়ারি, ১৮৫৯ সালে মারা যান।

**প্রশ্ন: তিনি কোন কোন পত্রিকা সম্পাদনা করেন?**
**উত্তর:** 'সংবাদ প্রভাকর' (২৮ জানুয়ারি, ১৮৩১ সালে যোগেন্দ্রমোহন ঠাকুর ও প্রেমচান তর্কবাগিশের আনুকূল্যে তিনি পত্রিকাটি প্রকাশ করেন): এটি বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা। **[এটি ১৮৩১ সালে সাপ্তাহিক এবং ১৪ জুন, ১৮৩৯ সালে দৈনিক পত্রিকা হিসেবে আত্মপ্রকাশ করে]** 'সংবাদ রত্নাবলী' (১৮২৫), 'পাষণ্ডপীড়ন' (১৮৪৬), 'সংবাদ সাধুরঞ্জন' (১৮৪৭)।

**প্রশ্ন: ঈশ্বরচন্দ্র গুপ্ত রচিত বিখ্যাত কবিতাগুলো কী কী?**
**উত্তর:** স্বদেশ, তপসে মাছ, কে, বাঙালি মেয়ে, নীলকর, আনারস।

**প্রশ্ন: ঈশ্বরচন্দ্র রচিত সাহিত্যকর্মসমূহ কী কী?**
**উত্তর:** 'প্রবোধ প্রভাকর' (১৮৫৮): এটি কবিতার সংকলন।
'হিত প্রভাকর' (১৮৬১): এটি গদ্যে ও পদ্যে রচিত বিশেষ ধরনের গল্প।
'বোধেন্দু বিকাশ' (১৮৬৩): এটি তাঁর মৃত্যুর পরে প্রকাশিত নাটক।

**প্রশ্ন: যুগসন্ধিক্ষণের কবি কে? কেন বলা হয়?**
**উত্তর:** ঈশ্বরচন্দ্র গুপ্তকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়। ১৭৬০ সালে ভারতচন্দ্র রায়গুণাকরের মৃত্যুর মাধ্যমে মধ্যযুগের সমাপ্তি ঘটে এবং ১৮০১ সাল থেকে বাংলা সাহিত্যের আধুনিক যুগ শুরু হলেও বাংলা কাব্যসাহিত্যে ১৮৬১ সালে 'মেঘনাদবধ' প্রকাশিত হওয়ার পূর্ব পর্যন্ত প্রকৃত অর্থে আধুনিকতা শুরু হয়নি। এই একশ (১৭৬০-১৮৬০) বছর কাব্যে আধুনিকতায় পৌঁছার প্রচেষ্টা চলেছে মাত্র। ঈশ্বরচন্দ্র গুপ্ত মধ্যযুগের দেব-দেবীর কাহিনি বর্জন করে ব্যক্তিকে কেন্দ্র করে ছোট ছোট কবিতা লেখা শুরু করেন। তাঁর কবিতায় সমাজচেতনা থেকে শুরু করে দেশাত্মবোধ পর্যন্ত স্পষ্ট হয়ে উঠে। আবার তাঁর কবিতায় কবিয়াল ও শায়েরদের রচনার ঢং, পয়ার ও ত্রিপদীর ব্যবহারও লক্ষণীয়। তাঁর মধ্যে মধ্যযুগের কাব্য-বৈশিষ্ট্য ও আধুনিক যুগের সূচনা-বৈশিষ্ট্য সমানভাবে লক্ষ্য করা যায় বলে তাকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাকে 'খাঁটি বাঙালি কবি' হিসেবে আখ্যায়িত করেন।

### বিখ্যাত পঙ্ক্তি

♦ কতরূপ স্নেহ করি, দেশের কুকুর ধরি, বিদেশের ঠাকুর ফেলিয়া। (স্বদেশ)।
♦ নগরের লোক সব এই কয়মাস। তোমার কৃপায় করে মহাসুখে বাস। (তপসে মাছ)।
♦ তুমি মা কল্পতরু আমরা সব পোষাগরু। (নীলকর)



## এক কথায় উত্তর

**১. যুগসন্ধিক্ষণের কবি কে?**
উত্তর: ঈশ্বরচন্দ্র গুপ্ত।

**২. তাঁর ছদ্মনাম কী?**
উত্তর: ভ্রমণকারী বন্ধু।

**৩. তাঁর সম্পাদিত পত্রিকা কোনটি?**
উত্তর: সংবাদ প্রভাকর (১৮৩১)।

**৪. বাংলা সাহিত্যে দুই যুগের মেলবন্ধন করেন কে?**
উত্তর: ঈশ্বরচন্দ্র গুপ্ত।

**৫. বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্র কোনটি?**
উত্তর: সংবাদ প্রভাকর।

**৬. 'সংবাদ প্রভাকর' প্রথম প্রকাশিত হয় কবে?**
উত্তর: ২৮ জানুয়ারি, ১৮৩১ সালে।

**৭. 'গুপ্ত' কবি হিসেবে পরিচিত কে?**
উত্তর: ঈশ্বরচন্দ্র গুপ্ত।

**৮. ঈশ্বরচন্দ্র গুপ্ত কত সালে মৃত্যু বরণ করেন?**
উত্তর: ২৩ জানুয়ারি, ১৮৫৯ সালে।

**৯. ঈশ্বরচন্দ্র গুপ্ত রচিত বিখ্যাত কবিতাগুলো কী কী?**
উত্তর: স্বদেশ, কে, তপসে মাছ, বাঙালি মেয়ে, আনারস, নীলকর।

**১০. ঈশ্বরচন্দ্র গুপ্তকে 'খাঁটি বাঙালি কবি' হিসেবে আখ্যায়িত করেন কে?**
উত্তর: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

**১১. কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত কোন পত্রিকার সম্পাদক ছিলেন? প্রকাশকাল কবে?**
উত্তর: সংবাদ প্রভাকর। ১৮৩১ সাল।

**১২. যুগসন্ধিক্ষণ বলতে কোন সময়কে বুঝি?**
উত্তর: ১৭৬০ থেকে ১৮৬০ সাল।



## Teacher's Work

**১. 'তুমি মা কল্পতরু, আমরা সব পোষাগরু'- এই কবিতাংশটি রচয়িতা কে?** [৪৫তম বিসিএস]
ⓚ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ⓚⓗ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓖ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ⓖⓗ ঈশ্বরচন্দ্র গুপ্ত — ঘ

**২. 'চেষ্টায় সুসিদ্ধ করে জীবনের আশা'- বাক্যটি কার রচনা?** [সমন্বিত ৫ ব্যাংকের অফিসার ক্যাশ'১৯]
(ক) শাহাদৎ হোসেন (খ) মাইকেল মধুসূদন দত্ত (গ) ভারতচন্দ্র (ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত — ঘ

**৩. 'যুগসন্ধিক্ষণ' বা 'যুগসন্ধিকালের কবি' কাকে বলা হয়?**
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) ঈশ্বরচন্দ্র গুপ্ত (গ) বিহারীলাল চক্রবর্তী (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর — খ

**৪. ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পর্কে কোন বক্তব্যটি সর্বাধিক গ্রহণযোগ্য?**
(ক) মধ্যযুগের ভাবধারায় পুষ্ট (খ) আধুনিক যুগের লক্ষণাক্রান্ত
(গ) নারী শিক্ষা প্রসারের অগ্রগামী (ঘ) দুই যুগের মিলনকারী — ঘ

## মদনমোহন তর্কালঙ্কার (১৮১৭-১৮৫৮)

পুরাতন রীতির শেষ কবি, হিন্দু কলেজ ও ফোর্ট উইলিয়াম কলেজের সাহিত্য বিভাগের অধ্যাপক, ভারতীয় উপমহাদেশের পণ্ডিত ব্যক্তিত্ব, হিন্দু বিধবা বিবাহ প্রথার অন্যতম উদ্যোক্তা, ডেপুটি ম্যাজিস্ট্রেট। মদনমোহন তর্কালঙ্কার বাংলা ভাষার বিকাশে বিশেষ অবদান রেখে গেছেন।

- ✓ মদনমোহন তর্কালঙ্কার ৩ জানুয়ারি ১৮১৭ সালে নদীয়ার বিল্বগ্রামে জন্মগ্রহণ করেন।
- ✓ সংস্কৃত কলেজের সহপাঠী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সহযোগিতায় কলকাতায় 'সংস্কৃত যন্ত্র' (১৮৪৭) নামক ছাপাখানা প্রতিষ্ঠা করেন। এখানেই ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য প্রথম মুদ্রিত হয়।
- ✓ তিনি ১৮৫০ সালে 'সর্ব্ব-শুভঙ্করী' নামক পত্রিকায় দ্বিতীয় সংখ্যায় স্ত্রী শিক্ষার সমর্থনে দীর্ঘ প্রবন্ধ লিখে শিক্ষিত সমাজের প্রশংসাভাজন হন।
- ✓ কবি প্রতিভার জন্য সংস্কৃত কলেজের অধ্যাপকগণ কর্তৃক 'কাব্যরত্নাকর' উপাধি লাভ করেন এবং পরে পাণ্ডিত্যের জন্য 'তর্কালঙ্কার' উপাধি পান।
- ✓ তিনি ৯ মার্চ, ১৮৫৮ সালে কান্দীতে কলেরা রোগে আক্রান্ত হয়ে পরলোকগমন করেন।

**প্রশ্ন: মদনমোহন তর্কালঙ্কারের সাহিত্যকর্মসমূহ কী কী?**

উত্তর: **পাঠ্যপুস্তক:** 'শিশুশিক্ষা' (১ম খণ্ড ও ২য় খণ্ড– ১৮৪৯, ৩য় খণ্ড– ১৮৫০। এভাবে 'বোধোদয়' নামে ৪র্থ খণ্ড রচনা করেন)। কলকাতা বেথুন কলেজ কর্তৃক 'হিন্দু বালিকা বিদ্যালয়' (১৮৪৯) প্রতিষ্ঠিত হলে তিনি বিনা বেতনে ছাত্রীদের শিক্ষাদান ও শিশুপাঠ্য হিসেবে এ গ্রন্থটি রচনা করেন।

**প্রবন্ধ:** 'রসতরঙ্গিনী' (১৮৩৪), 'বাসবদত্তা' (১৮৩৬)।

### বিখ্যাত উক্তি

- ♦ পাখি সব করে রব, রাতি পোহাইল।
  কাননে কুসুম কলি সকলি ফুটিল ॥ (পাখি সব করে রব)
- ♦ সকালে উঠিয়া আমি মনে মনে বলি,
  সারাদিন আমি যেন ভালো হয়ে চলি। (আমার পণ)
- ♦ লেখাপড়া করে যে, গাড়ী ঘোড়া চড়ে সে।

## এক কথায় উত্তর

**১. 'কাব্য রত্নাকর' কার উপাধি?**
**উত্তর:** মদনমোহন তর্কালঙ্কার।

**২. তিনি কত সালে জন্মগ্রহণ করেন?**
**উত্তর:** ৩ জানুয়ারি, ১৮১৭।

**৩. তাঁর জন্মস্থান কোথায়?**
**উত্তর:** নদীয়া।

**৪. তাঁর প্রতিষ্ঠিত ছাপাখানার নাম কী?**
**উত্তর:** সংস্কৃত যন্ত্র (১৮৪৭)।

**৫. তাঁকে 'কাব্যরত্নাকর' উপাধি দেন কারা?**
**উত্তর:** সংস্কৃত কলেজের অধ্যাপকগণ।

**৬. পাণ্ডিত্যের জন্য তাঁকে কী উপাধি দেওয়া হয়?**
**উত্তর:** তর্কালঙ্কার।

**৭. তাঁর প্রবন্ধ গ্রন্থ-**
**উত্তর:** রসতরঙ্গিনী (১৮৩৪), বাসবদত্তা (১৮৩৬)।

## Teacher's Work

**১. 'পাখি সব করে রব, রাতি পোহাইল' পঙ্ক্তিটির রচয়িতা কে?** [২৬তম বিসিএস]
ক) মদনমোহন তর্কালঙ্কার খ) রামনারায়ণ তর্করত্ন
গ) বিহারীলাল চক্রবর্তী ঘ) কৃষ্ণচন্দ্র মজুমদার **ক**

**২. মদনমোহনের সহপাঠী কে ছিলেন?** [তথ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক'০২]
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) রাজা রামমোহন রায়
গ) অক্ষয়কুমার দত্ত ঘ) বিহারীলাল চক্রবর্তী **ক**

**৩. মদনমোহন তর্কালঙ্কারের জন্মস্থান–**
ক) কলকাতা খ) নদীয়া
গ) আসাম ঘ) দিল্লী **খ**

## ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

**ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় (১৭৮৭-১৮৪৮):** তিনি 'সমাচার চন্দ্রিকা, পত্রিকার সম্পাদক ছিলেন।

**গ্রন্থ:** কলিকাতা কমলালয় (১৮২৩), নববাবু বিলাস (১৮২৫), নববিবি বিলাস (১৮৩২)।

'কলিকাতা কমলালয়' গ্রন্থে কলকাতার জীবন ও অনাচারের চিত্র অঙ্কিত হয়েছে। তখনকার দিনে একজন কলকাতায় এসে কীভাবে প্রতিষ্ঠা পেতে সচেষ্ট হয় তা ফুটে উঠেছে। 'নববাবু বিলাস' গ্রন্থে কলকাতার বাবু সমাজের চিত্র অঙ্কিত হয়েছে। 'নববিবি বিলাস' গ্রন্থে সেকালের বড় লোকদের রক্ষিতা নিয়ে বাইরে রাত্রি যাপন এবং এর ফলে তাদের স্ত্রীদের পদস্খলন ও শোচনীয় পরিণতির চিত্র ফুটে উঠেছে।

## হ্যানা ক্যাথরিন ম্যালেন্স

**হ্যানা ক্যাথরিন ম্যালেন্স:** তিনি একজন খ্রিস্টান বিদেশিনী।

**গ্রন্থ:** ফুলমণি ও করুণার বিবরণ (১৮৫২)।

এটি বাংলা সাহিত্যে উপন্যাস রচনার প্রথম প্রচেষ্টা। গ্রন্থটি মূলত খ্রিস্টান ধর্ম প্রচারের উদ্দেশ্যে রচিত হলেও এতে উপন্যাসের কিছু লক্ষণ দেখা যায়।

## সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

**সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৪-১৮৮৯):** সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সহোদর। তিনি বাংলা সাহিত্যের প্রথম ভ্রমণকাহিনী 'পালামৌ'র রচয়িতা।

**উপন্যাস:** কণ্ঠমালা (১৮৭৭), মাধবীলতা (১৮৮৪)।

**ভ্রমণ কাহিনী:** পালামৌ (১৮৮০-৮২)।

## নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী

বাংলা সাহিত্যের প্রথম নারী জাগরণের কবি নবাব ফয়জুন্নেসা চৌধুরানী (১৮৩৪-১৯০৩)। ১৮৯৯ খ্রিস্টাব্দে মহারানী ভিক্টোরিয়া তাকে নওয়াব উপাধিতে ভূষিত করেন। তিনিই একমাত্র মহিলা যিনি এ খেতাবে ভূষিত হয়েছেন। ফয়জুন্নেসা রচিত গদ্য-পদ্যে লেখা গ্রন্থ 'রূপজালাল' (১৮৭৬)। এটি তার আত্মজীবনীমূলক কাব্য।

## প্যারীচাঁদ মিত্র (১৮১৪-১৮৮৩)

বহুমুখী প্রতিভার অধিকারী প্যারীচাঁদ মিত্র বাংলার নবজাগরণের অন্যতম অগ্রদূত এবং বাংলা সাহিত্যের প্রথম ঔপন্যাসিক। তিনি ছিলেন ইয়ংবেঙ্গলের ভাবগুরু ডিরোজিওর শিষ্য। তিনি বাল্যবিবাহ, বহুবিবাহের বিরোধিতা করেন এবং বিধবা বিবাহ সমর্থন করতেন। নারী শিক্ষার প্রচারে যথেষ্ট সক্রিয় ছিলেন।

- ✓ প্যারীচাঁদ মিত্র ২২ জুলাই, ১৮১৪ সালে কলকাতায় জন্মগ্রহণ করেন।
- ✓ তিনি 'প্যারীচাঁদ মিত্র অ্যান্ড সন্স' (১৮৫৫) নামক বাণিজ্যিক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী এবং 'বেঙ্গল টি কোম্পানি' ও 'ডারাং টি কোম্পানি' বোর্ডের ডিরেক্টর ছিলেন।
- ✓ তার ছদ্মনাম টেকচাঁদ ঠাকুর। বাংলা ভাষায় তাঁর কৃতিত্বের জন্য পাদ্রি লঙ সাহেব তাঁকে 'ডিফেন্স অব বেঙ্গল' নামে ডাকতেন। **[বাজারের অনেক বইয়ে দেওয়া আছে যে, প্যারীচাঁদ মিত্রকে 'ডিকেন্স অব বেঙ্গল' বলা হয়। কিন্তু এটি শতভাগ ভুল। সূত্র: একাডেমি চরিতাভিধান]**
- ✓ রাধানাথ শিকদার সহযোগে তাঁর সম্পাদিত ও প্রকাশিত পত্রিকা 'মাসিক' (১৮৫৪)।
- ✓ প্যারীচাঁদ মিত্রকে বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ বলা হয়।
- ✓ তিনি ২৩ নভেম্বর, ১৮৮৩ সালে কলকাতায় মারা যান।

**প্রশ্ন: প্যারীচাঁদ মিত্র রচিত প্রথম উপন্যাসের নাম কী?**
**উত্তর:** 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮): এটি ইংরেজিতে Spoiled Child নামে অনূদিত। এটি বাংলা ভাষার প্রথম উপন্যাস যা তিনি 'টেকচাঁদ ঠাকুর' নামে ধারাবাহিকভাবে 'মাসিক' পত্রিকায় লিখতেন। এটি কথ্য ভাষায় লিখিত যা 'আলালী ভাষা' নামে পরিচিত। এ জন্য তাঁকে 'বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ' বলা হয়। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এ উপন্যাসের ভূয়সী প্রশংসা করেন।

**প্রশ্ন: 'আলালের ঘরের দুলাল' উপন্যাসের পরিচয় দাও।**
**উত্তর:** প্যারীচাঁদ মিত্র কর্তৃক রচিত 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮) বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস। এটি ইংরেজিতে Spoiled Child নামে অনূদিত। এটি বাংলা ভাষার প্রথম উপন্যাস যা তিনি টেকচাঁদ ঠাকুর নামে ১৮৫৪ সাল থেকে ধারাবাহিকভাবে 'মাসিক' পত্রিকায় লিখতেন। এটি কথ্য ভাষায় লিখিত যা 'আলালি ভাষা' নামে পরিচিত।

ধনাঢ্য বাবুরামের পুত্র মতিলাল কুসঙ্গে মিশে এবং শিক্ষার প্রতি পিতার অবহেলার কারণে ধ্বংসের দ্বারপ্রান্তে পৌছে যায়।
পিতার মৃত্যুর পর সব সম্পত্তির বিনাশ সাধন করার পর তার বোধোদয় ঘটে। ফলে হৃদয়-মন পরিবর্তিত হওয়ায় সে সৎ ও ধর্মনিষ্ঠ হয়। এ উপন্যাসের বিখ্যাত চরিত্র– মোকাজান মিঞা বা ঠক চাচা। ঠক চাচা চরিত্রটি ধূর্ততা, বৈষয়িক বুদ্ধি ও প্রাণময়তা নিয়ে এক জীবন্ত চরিত্র। অন্যান্য চরিত্র: ধূর্ত উকিল বটলর, অর্থলোভী বাঞ্ছারাম, তোষামোদকারী বক্রেশ্বর।

**প্রশ্ন: প্যারীচাঁদ মিত্রের অন্যান্য গ্রন্থগুলো কী কী?**

**উত্তর:** 'মদ খাওয়ার কী দায়, জাত থাকার কি উপায়' (১৮৫৯), 'রামারঞ্জিকা' (১৮৬০), 'গীতাঙ্কুর' (১৮৬১), 'যৎকিঞ্চিৎ' (১৮৬৫), 'অভেদী' (১৮৭১), 'ডেভিড হেয়ারের জীবনচরিত' (১৮৭৮), 'এতদ্দেশীয় স্ত্রীলোকদের পূর্বাবস্থা' (১৮৭৮), 'আধ্যাত্মিকা' (১৮৮০), 'বামাতোষিণী' (১৮৮১)।

## কালীপ্রসন্ন সিংহ

**পরিচিতি:** 'হুতোম প্যাঁচার নকশা'র রচয়িতা হিসেবে পরিচিত কালীপ্রসন্ন সিংহ ১৮৪০ খ্রিস্টাব্দে কলকাতার জোড়াসাঁকোর দেওয়ান বংশে জন্মগ্রহণ করেন। পিতা- জমিদার নন্দলাল সিংহ। তিনি মাত্র ৩০ বছর বয়সে ১৮৭০ খ্রিস্টাব্দের ২৪ জুলাই মৃত্যুবরণ করেন।

**সাহিত্যকর্ম:** ব্যঙ্গাত্মক- হুতোম প্যাঁচার নকশা (১৮৬২), অনুবাদ- সংস্কৃত মহাভারতের গদ্য অনুবাদ (১৮৬৬)।

**সাহিত্য মূল্যায়ন:**

❖ হুতোম প্যাঁচার নকশা (১৮৬২) : এর মধ্য দিয়ে লেখক এক শতাব্দীর কলকাতার যথেষ্ট অত্যাচার আচরণ ও অবক্ষয়কে ব্যঙ্গের সাহায্যে তুলে এনেছেন। হুতোম প্যাঁচার নকশার ভাষারীতি কলকাতার পার্শ্ববর্তীদের কথ্যভাষা। এতে কলকাতার হঠাৎ ফেঁপে ওঠা ঐশ্বর্যসমৃদ্ধ নব্য সমাজের চিত্র তুলে ধরেছেন। তিনি হুতোম প্যাঁচা ছদ্ম নামে লিখতেন।
❖ কালী প্রসন্ন সিংহের জনহিতকর প্রতিষ্ঠান- বিদ্যোৎসাহিনী সভা স্থাপত্য (১৮৫৩), বিদ্যোৎসাহিনী পত্রিকা প্রকাশ (১৮৫৫), বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ (১৮৫৬)।
❖ কালীপ্রসন্ন সিংহের জীবনে ব্যতিক্রমী দিক হল তিনি ধনীর সন্তান হয়েও ধনী সমাজের কদাচারকে শাণিত ভাষায় ব্যঙ্গ করেছেন।
❖ কালী প্রসন্ন সিংহ অনুসৃত ভাষারীতির নাম হুতোমী বাংলা।
❖ রেভারেন্ড জেমস লঙ কর্তৃক নীলদর্পন নাটকের ইংরেজী অনুবাদের পর আদালত রেভারেন্ড জেমস লঙকে জরিমানা করে ও কারাদন্ড দেয়। কালীপ্রসন্ন সিংহ আদালতেই জরিমানার টাকা পরিশোধ করে দেন।

## স্বর্ণকুমারী দেবী

**স্বর্ণকুমারী দেবী (১৮৫৫-১৯৩২) :** বাংলা সাহিত্যে প্রথম বাঙালি মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী। তিনি দীর্ঘকাল বিখ্যাত সাহিত্য পত্রিকা 'ভারতী'র সম্পাদক ছিলেন। তিনি ছিলেন মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের চতুর্থ কন্যা এবং রবীন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠা ভগিনী।]

## এক কথায় উত্তর

**১. বাংলা সাহিত্যের নারী জাগরণের কবি কে?**
**উত্তর:** নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী।
**২. কাকে বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ বলা হয়?**
**উত্তর:** প্যারীচাঁদ মিত্র।
**৩. প্রথম বাঙালি মহিলা ঔপন্যাসিক কে?**
**উত্তর:** স্বর্ণকুমারী দেবী।
**৪. 'নববাবু বিলাস' কে রচনা করেন?**
**উত্তর:** ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়।
**৫. ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত পত্রিকা কোনটি?**
**উত্তর:** সমাচার চন্দ্রিকা।
**৬. বাংলা সাহিত্যে উপন্যাস রচনার প্রথম প্রচেষ্টা কোনটি?**
**উত্তর:** ফুলমণি ও করুণার বিবরণ (১৮৫২)।
**৭. বাংলা সাহিত্যের প্রথম ভ্রমণকাহিনী কে রচনা করেন?**
**উত্তর:** সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়।
**৮. 'পালামৌ'র রচয়িতা কে?**
**উত্তর:** সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়।
**৯. 'রূপজালাল' (১৮৭৬) গ্রন্থটি রচনা করেন?**
**উত্তর:** ফয়জুন্নেসা।
**১০. ফয়জুন্নেসা চৌধুরানী কে নওয়াব উপাধি দেন কে?**
**উত্তর:** মহারাণী ভিক্টোরিয়া, ১৮৯৯ খ্রিস্টাব্দে।
**১১. বাংলা সাহিত্যের প্রথম ঔপন্যাসিক কে?**
**উত্তর:** প্যারীচাঁদ মিত্র।
**১২. প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কী?**
**উত্তর:** টেকচাঁদ ঠাকুর।
**১৩. প্যারীচাঁদ মিত্র রচিত প্রথম উপন্যাস কী?**
**উত্তর:** আলালের ঘরের দুলাল (১৮৫৮)।
**১৪. প্যাঁরীচাদ মিত্র লিখিত কথ্য ভাষার নাম কী?**
**উত্তর:** আলালী ভাষা।
**১৫. 'ঠক চাচা' চরিত্রের স্রষ্টা কে?**
**উত্তর:** প্যারীচাঁদ মিত্র।
**১৬. 'আলালের ঘরের দুলাল' কোন পত্রিকায় প্রকাশিত হয়?**
**উত্তর:** মাসিক পত্রিকা।
**১৭. 'মদ খাওয়ার কী দায়, জাত থাকার কি উপায়' (১৮৫৯) রচনা করেন কে?**
**উত্তর:** প্যারীচাঁদ মিত্র।
**১৮. 'হুতোম প্যাঁচার নকশা' কোন ধরনের রচনা?**
**উত্তর:** রম্য রচনা।
**১৯. হুতোম প্যাঁচার নকশা (১৮৬২) রচয়িতা কে?**
**উত্তর:** কালীপ্রসন্ন সিংহ।
**২০. কালীপ্রসন্ন সিংহের রচনা রীতিতে বিখ্যাত চরিত্র কোনটি?**
**উত্তর:** দনুবানু।
**২১. রবীন্দ্রনাথ ঠাকুরের বড় বোন যে কিনা এক জন ঔপন্যাসিক তিনি কে?**
**উত্তর:** স্বর্ণকুমারী দেবী।
**২২. স্বর্ণকুমারী দেবীর প্রথম প্রকাশিত উপন্যাস কোনটি?**
**উত্তর:** দীপনির্বাণ (১৮৭৬)।

**২৩. 'মেবার রাজ' (১৮৭৭) কার উপন্যাস?**
**উত্তর:** স্বর্ণকুমারী দেবী।

**২৪. কোন গ্রন্থটি বাংলা সাহিত্যে উপন্যাস রচনার প্রথম প্রয়াস?**
**উত্তর:** ফুলমণি ও করুণার বিবরণ।

**২৫. 'কথাসাহিত্য' বলতে কোনটি বোঝায়?**
**উত্তর:** ছোটগল্প ও উপন্যাস।

**২৬. 'রূপজালাল' গদ্য-পদ্যে লেখা গ্রন্থটির রচয়িতা কে?**
**উত্তর:** নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী।

**২৭. বাংলা উপন্যাসে প্রাথমিক পর্যায়ে কোন বিষয়টি বিশেষ প্রাধান্য বিস্তার করেছিলেন?**
**উত্তর:** সামাজিক কাহিনী।

**২৮. বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস টেকচাঁদ ঠাকুরের 'আলালের ঘরের দুলাল' কোন সালে প্রকাশিত হয়?**
**উত্তর:** ১৮৫৮ সালে।

**২৯. 'আলালী ভাষা' বলতে নিচের কোনটিকে বুঝায়?**
**উত্তর:** কলকাতা অঞ্চলের কথ্য ভাষা।

**৩০. বাংলা সাহিত্যে উপন্যাস রচনার প্রথম প্রচেষ্টা চালানকে?**
**উত্তর:** হ্যানা ক্যাথারিন ম্যালেন্স।

**৩১. বাংলা সাহিত্যের প্রথম ভ্রমণকাহিনী রচনা করেন কে?**
**উত্তর:** সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়।



## Teacher's Work

**১. বাংলা সাহিত্যে প্রথম মহিলা ঔপন্যাসিকের নাম কী?** [৪৩তম বিসিএস]
ⓚ বেগম রোকেয়া ⓚ কাদম্বরী দেবী
ⓖ স্বর্ণকুমারী দেবী ⓖ নূরুন্নাহার ফয়জুন্নেসা — **গ**

**২. 'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে?** [৩০তম বিসিএস]
ক) প্যারীচাঁদ মিত্র খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) দমোদর বন্দ্যোপাধ্যায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় — **ক**

**৩. ঠকচাচা কোন উপন্যাসের চরিত্র?** [১৫তম ও বিসিএস]
ক) ইতিহাস মালা খ) শকুন্তলা
গ) রত্নাবতী ঘ) আলালের ঘরের দুলাল — **ঘ**

**৪. 'ফুলমনি ও করুনার বিবরণ' কার রচনা?**
ক) এন্টনি ফিরিঙ্গি খ) মনুএল দ্যা আসসুম্পসাঁও
গ) হ্যানা ক্যাথরিন ম্যালেন্স ঘ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার — **গ**

**৫. 'হুতোম প্যাঁচার নকশা'র রচয়িতা কে?**
ক) রামরাম বসু খ) ভুদেব মুখোপাধ্যায়
গ) দীনবন্ধু মিত্র ঘ) কালীপ্রসন্ন সিংহ — **ঘ**

**৬. 'হুতোম প্যাঁচার নকশা' কোন জাতীয় রচনা?**
ক) রম্য রচনা খ) উপন্যাস
গ) চিত্রকর্ম ঘ) প্রবন্ধ — **ক**

**৭. 'পালামৌ' ভ্রমণ কহিনীর রচয়িতা কে?**
ক) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর খ) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
গ) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর — **খ**

**৮. 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটি কার লেখা?**
ক) হরপ্রসাদ শাস্ত্রীর খ) প্যারীচাঁদ মিত্র
গ) কাজী নজরুল ইসলাম ঘ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার — **খ**

**৯. 'টেকচাঁদ ঠাকুর' কার ছদ্মনাম?**
ক) প্যারীচাঁদ মিত্র খ) কালীপ্রসন্ন সিংহ
গ) ভুদেব মুখোপাধ্যায় ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় — **ক**

**১০. আলালী বা হুতোমী ভাষা বলা হয় কোন ভাষাকে?**
ক) সাধু খ) চলিত
গ) ইংরেজি ঘ) সংস্কৃত — **খ**

## লালন সাঁই (১৭৭২-১৮৯০)

মানবতার বাহক লালন শাহ্ বাউল সাধক ও বাউল কবি হিসেবে খ্যাত। প্রাতিষ্ঠানিক বিদ্যালাভ না করলেও নিজের সাধনায় হিন্দু-মুসলমান শাস্ত্র সম্পর্কে বিশেষ জ্ঞান ও ব্যুৎপত্তি লাভ করেন। সাম্প্রদায়িক ভেদবুদ্ধি মুক্ত এক সর্বজনীন ভাবরসে ঋদ্ধ বলে তাঁর রচিত গান বাংলায় হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের কাছে সমানভাবে জনপ্রিয়।

- লালন শাহ্ অক্টোবর, ১৭৭২ খ্রিস্টাব্দে (১ কার্তিক, ১১৭৯) ঝিনাইদহের হরিশপুর গ্রামে / কুষ্টিয়া জেলার কুমারখালির ভাঁড়ারা গ্রামে এক হিন্দু কায়স্থ পরিবারে জন্মগ্রহণ করেন।
- কথিত আছে যে, তিনি কোন এক সময় এক বাউল দলের সঙ্গী হয়ে গঙ্গাস্নানে যান। পথিমধ্যে বসন্ত রোগাক্রান্ত হলে সঙ্গীরা তাঁকে নদীর তীরে ফেলে যান। সিরাজ শাহ নামক জনৈক বাউল সাধক তাঁকে কুড়িয়ে নেন এবং তার কাছে লালিত-পালিত হন।
- লালন সাঁই এর পিতৃপ্রদত্ত নাম ছিল লালনচন্দ্র কর।
- লালনের একমাত্র যে স্কেচটি প্রচলিত সেটি অঙ্কন করেন অবনীন্দ্রনাথ ঠাকুর।
- সিরাজ শাহের মৃত্যুর পর তিনি কুষ্টিয়ার ছেউড়িয়া গ্রামে আখড়া স্থাপন করেন।
- তিনি আধ্যাত্মিক ও মরমি রসব্যঞ্জনায় সমৃদ্ধ বাউল সংগীতের জন্য বিখ্যাত।
- লালনকে বিশ্বসমাজে পরিচিত করণে রবীন্দ্রনাথ ঠাকুর অগ্রণী ভূমিকা পালন করেন।
- রবীন্দ্রনাথ লালনের ২৯৮টি গান সংগ্রহ করে সংরক্ষিত করেন।
- 'UNESCO' বাউল গানকে ২৫ নভেম্বর, ২০০৫ সালে 'A Masterpiece of the Oral and Intangible Heritage Humanity' বলে স্বীকৃতি দিয়েছে।
- তিনি ১৭ অক্টোবর, ১৮৯০ সালে (বাংলা ১লা কার্তিক, ১২৯৭) মারা যান।

## এক কথায় উত্তর

১. **লালন সাঁই এর পিতৃপ্রদত্ত নাম কী?**
উত্তর: লালনচন্দ্র কর।

২. **বাউল গানের বিশেষত্ব কী?**
উত্তর: আধ্যাত্ম্য বিষয়ক।

৩. **রবীন্দ্রনাথ ঠাকুর লালনের কয়টি গান সংগ্রহ করেন?**
উত্তর: ২৯৮টি।

৪. **লালন সাঁই জন্ম কোথায়?**
উত্তর: ঝিনাইদহের হরিশপুর মতান্তরে কুষ্টিয়ার কুমারখালি।

৫. **লালন সাঁই এর গুরু কে?**
উত্তর: সিরাজ শাহ।

৬. **লালনকে বিশ্বসমাজে পরিচিত করণে অগ্রণী ভূমিকা পালন করেন কে?**
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর।

৭. **বাংলাদেশে বাউল মতের উদ্ভব হয়েছে কবে?**
উত্তর: সতের শতকে।

৮. **'মিলন হবে কত দিনে' পঙ্ক্তিটির স্রষ্টা কে?**
উত্তর: লালন সাঁই।

৯. **'খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়'- পঙ্ক্তিটি উৎস কী?**
উত্তর: লালনগীতি।

১০. **UNESCO বাউল গানকে অধরা ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয় কবে?**
উত্তর: ২৫ নভেম্বর, ২০০৫ সালে।

১১. **লালন সাঁই মৃত্যু বরণ করেন কবে?**
উত্তর: ১৭ অক্টোবর, ১৮৯০ সালে।

## Teacher's Work

১. **'আমার ঘরের চাবি পরের হাতে'- গানটির রচয়িতা কে?** [৩৮তম বিসিএস]
ক লালন শাহ খ সিরাজ সাঁই
গ পগলা কানাই ঘ মদন বাউল ক

২. **'কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়'- এই পঙ্ক্তিটি নিচের একজনের-** [১৭তম বিসিএস]
ক লালন শাহ খ সিরাজ সাঁই
গ মদন বাউল ঘ পাগলা কানাই ক

৩. **'আপনার ঘরে বোঝাই সোনা পরে করে লেনা দেনা' চরণ দুটির রচয়িতা কে?** [উপজেলা/থানা শিক্ষা অফিসার'০৪]
ক লালন ফকির খ হাসন রাজা
গ পাগলা কানাই ঘ ফকির আলমগীর ক

৪. **বাউল মতের প্রতি শিক্ষিত মহলকে উৎসুক করে তোলেন কে?**
ক লালন ফকির খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ মাধব বিবি ঘ ফরিদা পারভীন খ

৫. **'খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়' পঙ্ক্তিটির উৎস কী?**
ক হাসন রাজার গান খ রবীন্দ্র সঙ্গীত
গ ভজন ঘ লালন গীতি ঘ

## Unique Question for Student Practice

১. **ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা-**
ক রাজা রামমোহন রায় খ কেশবচন্দ্র সেন
গ দেবেন্দ্রনাথ ঠাকুর গ স্বামী বিবেকানন্দ ক

২. **কোন গ্রন্থটি রাজা রামমোহন রায়ের রচনা নয়?**
ক বেদান্ত চন্দ্রিকা খ বেদান্ত গ্রন্থ
গ বেদান্ত সার ঘ পথ্য প্রদান ক

৩. **সতীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায়ের রচিত পুস্তক-**
ক দোলন-চাঁপা খ পথে হলো দেখা
গ পথের পাঁচালী ঘ প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ ঘ

৪. **সতীদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য?**
ক গোপালকৃষ্ণ গোখেল খ রাজা রামমোহন রায়
গ সরোজিনী নাইডু ঘ দাদাভাই নওরোজী খ

৫. **রাজা রামমোহন রায় যে বিষয়ের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন-**
ক প্রেস অর্ডিন্যান্স খ নীল চাষ
গ নীল কমিশন ঘ রাইফেল ব্যবহার ক

৬. **সর্বপ্রথম বাংলায় বাংলা ব্যাকরণ লেখেন কে?**
ক রাজা রামমোহন রায় খ এন. বি. হেলহেড
গ উইলিয়াম কেরি ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ক

৭. **রাজা রামমোহন রায় রচিত ব্যাকরণগ্রন্থ কোনটি?**
ক ব্যাকরণ মুঞ্জরী খ ব্যাকরণ বিচিত্রা
গ গৌড়ীয় ব্যাকরণ
ঘ A Grammar of Bengali Language গ

৮. **বাংলা ভাষায় প্রথম গল্পধর্মী বই কোনটি?**
ক রামায়ণ খ শকুন্তলা
গ বেতালপঞ্চবিংশতি ঘ দেবান্ত গ্রন্থ গ

৯. **Brahmunical Magazine (1821) ইংরেজি প্রত্রিকাটি কার?**
ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ এন. বি. হেলহেড
গ রাজা রামমোহন রায় ঘ উইলিয়াম কেরি গ

১০. **'মীরাতুল আখবার' ফারসি ভাষার এই পত্রিকাটির সম্পাদক কে?**
ক উইলিয়াম কেরি খ রাজা রামমোহন রায়
গ এন. বি. হেলহেড ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ

**১১. নিচের কোন পত্রিকাটি রাজা রামমোহন রায়ের নয়?**
ক মীরাতুল আখবার  খ ব্রাহ্মনিকাল ম্যাগাজিন
গ ব্রাহ্মণ সেবধি  ঘ সংবাদ প্রভাকর  ঘ

**১২. কবি ঈশ্বরচন্দ্র গুপ্তকে 'খাঁটি বাঙালি' হিসেবে অভিহিত করেছেন কে?**
ক রবীন্দ্রনাথ ঠাকুর  খ মধুসূদন দত্ত
গ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়  গ অক্ষয়কুমার দত্ত  গ

**১৩. কবি ঈশ্বরচন্দ্র কোন পত্রিকার সম্পাদক ছিলেন?**
ক দিগদর্শন  খ সমাচার দর্পণ
গ সংবাদ প্রভাকর  ঘ তত্ত্ববোধিনী  গ

**১৪. কোন খ্যাতিমান লেখক যুগ সন্ধিক্ষণের কবি হিসেবে পরিচিত?**
ক ভারতচন্দ্র রায়  খ ঈশ্বরচন্দ্র গুপ্ত
খ মধুসূদন দত্ত  ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়  খ

**১৫. 'তপসে মাছ' কবিতাটি কার রচনা?**
ক মদনমোহন তর্কালংকার  খ ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ রামমোহন রায়  ঘ জীবনানন্দ দাশ  খ

**১৬. 'সংবাদ প্রভাকর' পত্রিকাটি কত সালে দৈনিক হয়?**
ক ১৮৩১  খ ১৮৩৬
গ ১৮৩৯  ঘ ১৮৩৮  গ

**১৭. প্যারীচাঁদ মিত্র রচিত উপন্যাস কোনটি?**
ক আলালের ঘরের দুলাল  খ সীতারাম
গ চঞ্চল্য  ঘ কুহেলিকা  ক

**১৮. বাংলা ভাষায় রচিত প্রথম উপন্যাসের নাম কী?**
ক হুতোম প্যাঁচার নকশা  খ দুর্গেশনন্দিনী
গ আলালের ঘরের দুলাল  ঘ গোরা  গ

**১৯. প্যারীচাঁদ মিত্রের লেখা নয় কোনটি?**
ক মদ খাওয়া বড় দায় জাত থাকার কি উপায়
খ রামারঞ্জিকা
গ ব্রজবিলাস  ঘ বামাতোসিণী  গ

**২০. কার ছদ্মনাম 'টেকচাঁদ ঠাকুর'?**
ক রাজা রামমোহন রায়  খ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
গ প্যারীচাঁদ মিত্র  ঘ প্রমথ চৌধুরী  গ

**২১. বাংলা উপন্যাস ধারার প্রতিষ্ঠাতা পুরুষ হলেন-**
ক রবীন্দ্রনাথ ঠাকুর  খ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ কাজী নজরুল ইসলাম  ঘ প্যারীচাঁদ মিত্র  ঘ

**২২. 'আলালের ঘরের দুলাল'-এর লেখক কে?**
ক মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার  খ প্যারীচাঁদ মিত্র
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর  ঘ উইলিয়াম কেরি  খ

**২৩. প্যারীচাঁদ মিত্রের গ্রন্থ কোনটি?**
ক মৃত্যুক্ষুধা  খ নৌকাডুবি
গ আলালের ঘরের দুলাল  ঘ শেষের কবিতা  গ

**২৪. বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস টেকচাঁদ ঠাকুরের 'আলালের ঘরের দুলাল' কোন সালে প্রকাশিত হয়?**
ক ১৮৩৪ সালে  খ ১৮৫৮ সালে
গ ১৯৪৭ সালে  ঘ ১৮৭৩ সালে  খ

**২৫. 'আলালের ঘরের দুলাল'-**
ক বঙ্কিমচন্দ্র প্রশংসিত গ্রন্থ
খ কালিপ্রসন্ন সিংহ প্রশংসিত গ্রন্থ
গ রবীন্দ্রনাথ ঠাকুর প্রশংসিত গ্রন্থ
ঘ ক + গ  ক

**২৬. বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ বলা হয় কাকে?**
ক রবীন্দ্রনাথ  খ প্যারীচাঁদ মিত্র
গ বঙ্কিমচন্দ্র  ঘ শরৎচন্দ্র  খ

**২৭. 'The Zamindar and Royats'-প্রবন্ধটি কার?**
ক মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার  খ উইলিয়াম কেরি
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর  ঘ প্যারীচাঁদ মিত্র  ঘ

**২৮. হুতোম গদ্যের লেখকের নাম-**
ক টেকচাঁদ ঠাকুর  খ দীনবন্ধু মিত্র
গ কালীপ্রসন্ন সিংহ  ঘ ভানুসিংহ ঠাকুর  গ

**২৯. 'হুতোম প্যাঁচা' কার ছদ্মনাম?**
ক কালীপ্রসন্ন সিংহ  খ বালাইচাঁদ মুখোপাধ্যায়
গ রবীন্দ্রনাথ ঠাকুর  ঘ প্রমথ চৌধুরী  ক

**৩০. 'হুতোম প্যাঁচার নকশা'র রচয়িতা কে?**
ক রামরাম বসু  খ ভূদেব মুখোপাধ্যায়
গ দীনবন্ধু মিত্র  ঘ কালীপ্রসন্ন সিংহ  ঘ

**৩১. 'সাবিত্রী সত্যবান' নাটকটির রচয়িতা কে?**
ক কালীপ্রসন্ন সিংহ  খ ভানুসিংহ ঠাকুর
গ দীনবন্ধু মিত্র  ঘ টেকচাঁদ ঠাকুর  ক

**৩২. বাংলা সাহিত্যে আধুনিক পর্ব শুরু হয় কত শতকে?**
ক ১৮  খ ১৭
গ ১৯  ঘ ২০  ক

**৩৩. বাঙালির লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ 'ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ' এর রচয়িতা কে?**
ক মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার  খ হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও
গ দোম আন্তোনিও  ঘ হেনরি পিটস ফরস্টার  গ

**৩৪. 'লিপিমালা' রচনা করেছেন–**
ক কাশীরাম দাস  খ দ্বিজরাম দেব
গ রামরাম বসু  ঘ মুক্তরাম সেন  গ

**৩৫. রাজা রামমোহন রায় কোন আন্দোলনের নেতৃত্ব দেন?**
ক সতীদাহ বিলোপ  খ নীলবিদ্রোহ
গ তেভাগা  ঘ বিধাব বিবাহ  ক



# Home Work

১. **চণ্ডীচরণ মুন্সী কে?** [৪৬তম বিসিএস]
ক) শ্রীরামপুর মিশনের লিপিকার
খ) ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিত
গ) কেরী সাহেবের মুন্সী গ্রন্থের রচয়িতা
ঘ) সমাচার চন্দ্রিকা পত্রিকার সম্পাদক — খ

২. **প্যারীচাঁদ মিত্রের "আলালের ঘরের দুলাল" প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয় কত সালে?** [৪৫তম বিসিএস]
ক) ১৮৫৮ সালে খ) ১৯৭৮ সালে
গ) ১৮৪৮ সালে ঘ) ১৮৬৮ সালে — ক

৩. **"তুমি মা কল্পতরু, আমরা সব পোষাগরু" –এই কবিতাংশটির রচয়িতা কে?** [৪৫তম বিসিএস]
ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত — ঘ

৪. **"সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি" চরণ দু'টির রচয়িতা কে?** [৪০তম বিসিএস]
ক) চণ্ডীচরণ মুনশী খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) মদনমোহন তর্কালঙ্কার — ঘ

৫. **"রাজা প্রতাপাদিত্য চরিত্র" গ্রন্থটির প্রণেতা-** [৩৬তম বিসিএস]
ক) উইলিয়াম কেরী খ) গোলক নাথ শর্মা
গ) রামরাম বসু ঘ) হর প্রসাদ রায় — গ

৬. **বাংলা সাহিত্যের আদি গদ্যগ্রন্থ কোনটি?** [৩৬তম বিসিএস]
ক) প্রভু যীশুর বাণী খ) কৃপার শাস্ত্রের অর্থভেদ
গ) মিশনারী জীবন ঘ) ফুলমণি ও করুণার বিবরণ — খ

৭. **বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সাময়িকপত্র কোনটি?** [২৮তম বিসিএস]
ক) বেঙ্গল গেজেট খ) বঙ্গ দর্শন
গ) সমাচার দর্পণ ঘ) দিগদর্শন — ঘ

৮. **'সমাচার দর্পণ' পত্রিকার সম্পাদক ছিলেন-** [২৮তম বিসিএস]
ক) জন ক্লাক মার্শম্যান খ) উইলিয়াম কেরি
গ) জর্জ আব্রাহাম গ্রিয়ার্সন ঘ) ডেভিড হেয়ার — ক

৯. **ইয়ংবেঙ্গল–** [২৮তম বিসিএস]
ক) বাংলাভাষা শিক্ষার্থী ইংরেজ
খ) ইংরেজ ভাবধারাপুষ্ট বাঙালি যুবক
গ) একটি সাহিত্যিক গোষ্ঠীর নাম
ঘ) একটি সাময়িক পত্রের নাম — খ

১০. **বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ কোনটি?** [৩৬তম বিসিএস; ২৯তম বিসিএস; প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসান-থ্রিসান) -'০৫; ঢাকা ব্যাংক MTO: '১২]
ক) প্রভু যিশুর বাণী খ) কৃপার শাস্ত্রের অর্থভেদ
গ) মিশনারি জীবন ঘ) ফুলমণি ও করুণার বিবরণ — খ

১১. **বাংলা সাহিত্যে কখন গদ্যের সূচনা হয়?** [২৮তম বিসিএস/ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা : ১৮; শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার- ২০০৭]
ক) নবম শতকে খ) ত্রয়োদশ শতকে
গ) ষোড়শ শতকে ঘ) উনিশ শতকে — ঘ

১২. **কে ফোর্ট উইলিয়াম কলেজের শিক্ষক ছিলেন?** [৩৮তম বিসিএস]
ক) হরপ্রসাদ শাস্ত্রী খ) রামরাম বসু
গ) দেবেন্দ্রনাথ ঠাকুর ঘ) অক্ষয়কুমার দত্ত — খ

১৩. **ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যক্ষ কে ছিলেন?** [৩৪তম বিসিএস]
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রামরাম বসু
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) উইলিয়াম কেরি — ঘ

১৪. **ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়?** [২৬তম বিসিএ ; পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী -২০১৮]
ক) ১৮০০ সালে খ) ১৮০১ সালে
গ) ১৮০২ সালে ঘ) ১৮০৪ সালে — খ

১৫. **'বত্রিশ সিংহাসন' কার রচনা?** [২৬তম বিসিএস; পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ১৭]
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রামরাম বসু
গ) বিদ্যাসাগর ঘ) রাজীব লোচন মুখোপাধ্যায় — ক

১৬. **ইয়ং বেঙ্গল গোষ্ঠীভুক্ত ছিলেন কে?** [৪০তম বিসিএস]
ক) অক্ষয় কুমার দত্ত খ) এন্টনি ফিরঙ্গি
গ) মাইকেল মধুসূদন দত্ত ঘ) কালীপ্রসন্নসিংহ ঠাকুর — গ

১৭. **'ইয়ং বেঙ্গল' গোষ্ঠীর মুখপাত্ররূপে কোন পত্রিকা প্রকাশিত হয়?** [৩৬তম বিসিএস]
ক) বঙ্গদূত খ) জ্ঞানান্বেষণ
গ) জ্ঞানাঙ্কুর ঘ) সংবাদ প্রভাকর — খ

১৮. **বাংলা গদ্যে সাহিত্য বিকাশে কোন প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে?** [ক.অ.জে.(সিনিয়র অ্যাকাইন্টস ক্লার্ক)'২২]
ক) মুহসীন কলেজ খ) ফোর্ট উইলিয়াম কলেজ
গ) শ্রীরামপুর মিশন ঘ) সংস্কৃত কলেজ — খ

১৯. **বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?** [ক.জে.ডি.ফা. (জুনিয়র অডিটর (এলডিএ কাম-টাইপিস্ট)'২২]
ক) গৌর দাস খ) চার্লস উইলকিন্স
গ) পঞ্চানন কর্মকার ঘ) গঙ্গাকিশোর ভট্টাচার্য — খ

২০. **'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে?** [৩০তম বিসিএস]
ক) প্যারীচাঁদ মিত্র খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) দমোদর বন্দ্যোপাধ্যায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় — ক

২১. **'ঠকচাচা' কোন উপন্যাসের চরিত্র?** [২৬তম ও ১৫তম বিসিএস]
ক) ইতিহাস মালা খ) শকুন্তলা
গ) রত্নাবতী ঘ) আলালের ঘরের দুলাল — ঘ

২২. **বাংলা উপন্যাস সাহিত্য ধারার প্রথম পুরুষ হলেন–** [সমবায় দপ্তরে অফিসার (২য় শ্রেণি) পরীক্ষা: '১৮]
ক) প্যারীচাঁদ মিত্র খ) অক্ষয়কুমার বড়াল
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) মধুসূদন দত্ত — ক

২৩. **প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কী?** [অগ্রণী ব্যাংক, সিনিয়র অফিসার (বাতিল): '১৭]
ক) মাগন ঠাকুর খ) বনফুল
গ) পরশুরাম ঘ) টেকচাঁদ ঠাকুর — ঘ

২৪. **বাংলা ভাষার প্রথম ঔপন্যাসিক কে?** [পরিসংখ্যান কর্মকর্তা পরীক্ষা- '১৭]
ক) প্যারীচাঁদ মিত্র খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) প্রভাত কুমার মুখোপাধ্যায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় — ক

২৫. **বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' উপন্যাসটির রচয়িতা কে?** [সহকারী থানা শিক্ষা অফিসার: '১৫]
ক) রামমোহন রায় খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) প্যারীচাঁদ মিত্র — ঘ

২৬. **'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থটি কার লেখা?** [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক- '১৫]
ক) কৃষ্ণচন্দ্র মজুমদার খ) অন্নদাশঙ্কর রায়
গ) কামিনী রায় ঘ) কালীপ্রসন্ন সিংহ — ঘ

২৭. **'পাখি সব করে রব রাতি পোহাইল' -পঙ্ক্তিটির রচয়িতা কে?** [২৬তম বিসিএস, ICB (ক্যাশ)- ১৮]
ক) মদনমোহন তর্কালঙ্কার খ) রাম নারায়ণ তর্করত্ন
গ) বিহারীলাল চক্রবর্তী ঘ) কৃষ্ণচন্দ্র মজুমদার — ক

# Class Test



**১. কোন সাহিত্যাদর্শের মর্মে নৈরাশ্যবাদ আছে?**
ক) রোমান্টিসিজম খ) আধুনিকতাবাদ
গ) উত্তরাধুনিকতাবাদ ঘ) বাস্তববাদ

**২. 'বত্রিশ সিংহাসন' কার রচনা?**
ক) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার খ) রামরাম বসু
গ) বিদ্যাসাগর ঘ) রাজীবলোচন মুখোপাধ্যায়

**৩. 'বেদান্তগ্রন্থ' ও 'বেদান্তসার' কার রচনা?**
ক) গোলকনাথ শর্মা খ) রামরাম বসু
গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঘ) রামমোহন রায়

**৪. অক্ষয়কুমার দত্ত বিভিন্ন দেশ থেকে দুর্লভ বৃক্ষচারা সংগ্রহ করে নিজ বাসভবনে একটি বাগান তৈরি করেন, যার নাম দেন–**
ক) শোভনোদ্যান খ) ছায়ানোদ্যান
গ) বনসাই উদ্যান ঘ) নব উদ্যান

**৫. 'পাখি সব করে রব, রাতি পোহাইল' পঙ্‌ক্তিটির রচয়িতা কে?**
ক) মদনমোহন তর্কালঙ্কার খ) রামনারায়ণ তর্কারত্ন
গ) বিহারীলাল চক্রবর্তী ঘ) কৃষ্ণচন্দ্র মজুমদার

**৬. 'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে?**
ক) প্যারীচাঁদ মিত্র খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) দামোদর বন্দ্যোপাধ্যায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**৭. "রাজা প্রতাপাদিত্য চরিত্র" গ্রন্থটির প্রণেতা-**
ক) উইলিয়াম কেরী খ) গোলক নাথ শর্মা
গ) রামরাম বসু ঘ) হর প্রসাদ রায়

**৮. 'ইয়ং বেঙ্গল' গোষ্ঠীর মুখপত্ররূপে কোন পত্রিকা প্রকাশিত হয়?**
ক) বঙ্গদূত খ) জ্ঞানান্বেষণ
গ) জ্ঞানাঙ্কুর ঘ) সংবাদ প্রভাকর

**৯. ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যক্ষ কে ছিলেন?**
ক) উইলিয়াম কেরি
খ) লর্ড ওয়েলেসলি
গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
ঘ) রামরাম বসু

**১০. 'মীরাতুল আখবার' ফারসি ভাষার এই পত্রিকাটির সম্পাদক কে?**
ক) উইলিয়াম কেরি
খ) রাজা রামমোহন রায়
গ) এন. বি. হেলহেড
ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | ক |
| ৩ | ঘ |
| ৪ | ক |
| ৫ | ক |
| ৬ | ক |
| ৭ | গ |
| ৮ | খ |
| ৯ | ক |
| ১০ | খ |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর বাংলা ভাষা ও সাহিত্য অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

